

আমাদের মমু

হলেই থাকছেন জাবি শিক্ষার্থীরা

জাবি প্রতিনিধি

২২ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ২১ ফেব্রুয়ারি ২০২১ ২২:৫২

আমাদের মমু

আবাসিক হলের তালা ভেঙে হলের ভেতরেই অবস্থান করছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শিক্ষার্থীরা। হল খুলে দেওয়ার দাবিতে চলমান আন্দোলনের অংশ হিসেবে তারা এ অবস্থান নিয়েছেন। অন্যদিকে বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষার্থীদের সিন্ডিকেটের সিদ্ধান্ত মেনে নিয়ে হলে না থাকার আহ্বান জানিয়েছে। গতকাল এক বিজ্ঞপ্তিতে এ আহ্বান জানানো হয়। এতে বলা হয়, সরকারের সিদ্ধান্ত পেলেই আবাসিক হলগুলো খুলে দেওয়া হবে।

এর আগে গত শুক্রবার রাতে বিশ্ববিদ্যালয়-সংলগ্ন গেরুয়া এলাকার স্থানীয় লোকজন মসজিদে ঘোষণা দিয়ে লোকজনকে জড়ো করে ছাত্রদের ওপর হামলা চালায়। এতে অন্তত ৫০ ছাত্র আহত হন। পরদিন শনিবার আবাসিক হল খুলে দেওয়ার দাবিতে আন্দোলন শুরু করেন শিক্ষার্থীরা। প্রশাসন আন্দোলনে সাড়া না দিলে হলের তালা ভেঙে চুকে পড়েন শিক্ষার্থীরা। এর পর থেকে হলেই থাকছেন শিক্ষার্থীরা।

এদিকে বিশ্ববিদ্যালয় প্রশাসন আহত শিক্ষার্থীদের চিকিৎসা ব্যয় বহন এবং হামলাকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার ঘোষণা দিয়েছেন। এর আগে ক্রিকেট খেলাকে কেন্দ্র করে মারামারি ও ছাত্রলীগের নেতাদের চাঁদাবাজির অভিযোগ তুলে জাবি শিক্ষার্থীদের ওপর হামলা চালায় স্থানীয়রা।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন ধারার দৈনিক

আমাদের মমু

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy